

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৯৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কাবা ঘরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দুই খুঁটির মাঝে সালাত আদায় করেছেন, সেই খুঁটি দুটি সামনের দুই খুঁটি ছিল

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكَعْبَةِ بَيْنَ عَمُودَيْنِ إِنَّمَا كَانَتْ بَيْنَ الْعَمُودَيْنِ المقدَّمين

আরবী

3193 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْبَيْتَ وَمَعَهُ أُسَامَةُ بْنُ زَيْدٍ وَبِلَالٌ وَعُثْمَانُ بْنُ طَلْحَةَ فَأَجَافُوا صَلَّى اللَّهُ عَلَيْهِ مُ طَوِيلًا ثُمَّ فُتِحَ فَكُنْتُ أَوْلَ مَنْ دَخَلَ فَلَقِيتُ بِلَالًا فَقُلْتُ: أَيْنَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقَالَ: بَيْنَ الْعَمُودَيْنِ الْمُقَدَّمَيْنِ فنسيت أَن أَسأله كم. اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقَالَ: بَيْنَ الْعَمُودَيْنِ الْمُقَدَّمَيْنِ فنسيت أَن أَسأله كم. الراوي : ابْن عُمَرَ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الراوي : ابْن عُمَرَ المحدث : العلامة على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3193 اخلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 3193 اخلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) ((الثمر المستطاب)): ق.

বাংলা

৩১৯৩. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বা ঘরে প্রবেশ করেন। এসময় তাঁর সাথে ছিলেন উসামা বিন যাইদ, বিলাল ও তালহা বিন উবাইদুল্লাহ। তারপর তারা দীর্ঘ সময় দরজা বন্ধ করে রাখেন। তারপর দরজা খুলে দেওয়া হয়। তারপর সর্বপ্রথম আমি কা'বা ঘরে প্রবেশ করি এবং বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুর সাক্ষাত পাই। আমি তাকে বললাম, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বা ঘরে কোথায় সালাত আদায় করেছেন?" জবাবে তিনি বলেন, "সামনের দুই খুঁটির মাঝে।" আমি তাকে এই প্রশ্ন করতে ভুলে যাই যে, তিনি কত রাকা'আত সালাত আদায় করেছেন।"[1]



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩২৯; মুসনাদ আহমাদ: ২/৩৩; আবূ দাউদ: ৫০২৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৭৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন